

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।

স্মারক নং: ৩২.০১.৩৮০০.০০১.১৬.০৩২.১৭-
তারিখঃ.....খ্রিঃ

মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" (আইজিএ) প্রকল্পের আওতায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জয়পুরহাট জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০ ৩(তিন) মাস মেয়াদে নিম্ন লিখিত ট্রেডে ভর্তির নিমিত্তে আগ্রহী মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা নূন্যতম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা
কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ট্রেডে	অষ্টম শ্রেণি	জানুয়ারি ২০২০ হতে মার্চ ২০২০ পর্যন্ত ৩(তিন) মাস	৩০

নিম্নে প্রার্থীদের যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী প্রদত্ত হলোঃ

- ১। সুবিধাবঞ্চিত শিক্ষিত ও স্বল্প শিক্ষিত (বিধবা, স্বামী পরিত্যক্তা ও অসহায় বেকার) মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২। আবেদনকারীর বয়স ০১/০১/২০২০ তারিখে ১৬ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩। আবেদনকারীকে ট্রেডের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
- ৪। আবেদনের সাথে নিজ নিজ পৌরসভা/ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র দিতে হবে।
- ৫। আবেদনকারী সর্বশেষ বাচ্চার বয়স কমপক্ষে ৫ (পাঁচ) বছর হতে হবে।
- ৬। আবেদনকারীর ভোটার আইডি/জন্ম সনদ (যে কোন ১টি) আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ৭। অধিকতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৮। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ৯। গর্ভবতী ও অসুস্থ মহিলাদের আবেদন পত্র গ্রহণযোগ্য নয়।
- ১০। প্রশিক্ষণ কেন্দ্রে কোন প্রশিক্ষণার্থী একই ভাবে ১৫ (পনের) দিন অনুপস্থিত থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাকে প্রশিক্ষণকোর্স হতে বহিস্কার করা হবে।
- ১১। প্রশিক্ষণ কেন্দ্রের আরোপিত সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।
- ১২। প্রশিক্ষণ কেন্দ্রের অথবা অফিসের কোন নিয়ম কানুন বিরোধী কার্যকলাপে লিপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাকে প্রশিক্ষণকোর্স হতে বহিস্কার করা হবে।
- ১৩। প্রশিক্ষণ গ্রহণকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের যাতায়াত/থাকা এবং খাবারের ব্যবস্থা প্রশিক্ষণার্থীদের নিজেদেরকেই বহন করতে হবে। তবে বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে পরবর্তীতে যাতায়াতের খরচ প্রদান করার বিষয়টি বিবেচনা করা হবে।

আবেদনকারীকে অত্র কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক আগামীতারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ফরম জমা দিতে হবে। আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ অত্র কার্যালয় হতে নিজ উদ্যোগে জেনে নিতে হবে। প্রয়োজনে ০১৭৩৭-৩৩৬৪৯৩ ও ০১৫৫৭-৮৭৯৮৫৮ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে। সাক্ষাৎকার গ্রহণের জন্য কোন প্রকার কার্ড ইস্যু করা হবে না এবং কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(সাবিনা সুলতানা)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।
ও
সদস্য-সচিব
ট্রেড ও প্রশিক্ষণার্থীনির্বাচনকমিটি
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক
প্রশিক্ষণ" (আইজিএ) প্রকল্প

বিতরণঃ

- ১। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
- ২। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট।
- ৩। নোটিশ বোর্ড, মেয়র, জয়পুরহাট পৌরসভা।
- ৪। নোটিশ বোর্ড, সমাজসেবা অধিদপ্তর, জয়পুরহাট।
- ৫। নোটিশ বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট।

